আদর্শ ও পরিকল্পিত ময়মনসিংহ নগর বিনির্মাণে সেতুবন্ধ

# নগরবার্তা

ময়মনসিংহ সিটি কর্পোরেশন প্রকাশনা
১ম বর্ষ, ৩য় সংখ্যা, জুলাই-সেপ্টেম্বর ২০২২
বঙ্গাব্দ ১৪২৯, হিজরী ১৪৪৩




## নাগরিক স্বাস্থ্যসেবায় মসিকের নগর মাতৃসদন ও প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র

নাগরিক স্বাস্থ্যসেবায় একটি নগর মাতৃসদন ও তিনটি প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র চালু করেছে ময়মনসিংহ সিটি কর্পোরেশন। এসব কেন্দ্রের সুফল ইতোমধ্যে পেতে শুরু করেছে নাগরিকরা। গত ০৫ সেপ্টেম্বর নগরীর ব্রাহ্মপল্লীতে একটি নগর মাতৃসদন এবং শম্ভুগঞ্জ, খাগডহর ও জামতলায় তিনটি প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র উদ্বোধন করেন মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটু।

স্থানীয় সরকার বিভাগের আরবান প্রাইমারি হেলথ কেয়ার (ইউপিএইচসিডিপি) সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট ২য় পর্যায় প্রকল্পের পপুলেশন সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টারের পরিচালনায় এ প্রকল্পের বাস্তবায়ন করছে ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

নগর মাতৃসদন ও প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্রে বিভিন্ন স্বাস্থ্য পরীক্ষা, মা ও শিশুর জন্য ডাক্তারের পরামর্শ, শিশুর কাউন্সেলিং, ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, অসংক্রামক রোগের চিকিৎসা ইত্যাদি সুবিধা পাচ্ছে নগরবাসী। নগর মাতৃসদনে করা হচ্ছে ডেলিভারি অপারেশনও। ইতোমধ্যে প্রায় ৩০ টি ডেলিভারি অপারেশন সফলভাবে সম্পন্ন হয়েছে। নগর প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র সমূহ শহরের প্রান্তিক অঞ্চলে অবস্থিত হওয়ায় এসব অঞ্চলের সেবা গ্রহিতারা তাদের অধিকাংশ সাধারণ স্বাস্থ্য সমস্যার সমাধান এসব কেন্দ্র থেকেই পাচ্ছেন। বিশেষত দূরত্ব ও খরচের কারণে যারা অনেক স্বাস্থ্য সমস্যাকে পুষে রাখতেন তারা উপকৃত হচ্ছেন। ইপিআই, কোভিড ১৯ ইত্যাদি টিকাদান সুবিধাও এখানে দেয়া হচ্ছে। এছাড়া, প্রতি সপ্তাহে সিটি কর্পোরেশনব্যাপী পরিচালনা করা হচ্ছে ৩৬ টি স্যাটেলাইট ক্লিনিক।

স্বাস্থ্যসেবা কেন্দ্রেগুলোতে মোট ১০ জন ডাক্তার প্রতিদিন গড়ে ৭০- ৮০ জন নাগরিককে স্বাস্থ্যসেবা দিচ্ছেন। ক্রমান্বয়ে এ হার বৃদ্ধি পাচ্ছে। আরও প্রচার হলে জানানো গেলে সেবা প্রত্যাশীর সংখ্যা বৃদ্ধি পারে বলে মনে করেন মসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. এইচ কে দেবনাথ। তিনি বলেন, উদ্বোধনের পর আমরা বিভিন্ন মাধ্যমে প্রচার প্রচারণা চালাচ্ছি। তবে সবাই এখনো এ স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলো সম্পর্কে অবহিত নয়। আমরা যে কম খরচে মানসম্মত চিকিৎসাসেবা দিচ্ছি তা মানুষ জানলে সেবাপ্রার্থীর সংখ্যা বৃদ্ধি পাবে। মসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা ইতিমধ্যে সকল কেন্দ্র পরিদর্শন করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেছেন। কাউন্সিলরবৃন্দ সক্রিয় ভূমিকায় রাখছেন। এ প্রসঙ্গে মেয়র মোঃ ইকরামুল হক টিটু জানান, এসব স্বাস্থ্যকেন্দ্রগুলো ময়মনসিংহ সিটি কর্পোরেশনের নাগরিকদের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর উপহার। প্রান্তিক জনগোষ্ঠীর সুস্বাস্থ্য নিশ্চিতে ইতোমধ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে শুরু করেছে। এখানে নাগরিকরা শুধু কম খরচে চিকিৎসাসেবা নিতে পারছেন তাই নয় এখানে বীর মুক্তিযোদ্ধা ও অসহায় মানুষদের লাল কার্ড প্রদানের মাধ্যমে তার বিনামূল্যে চিকিৎসাও প্রদান করা হচ্ছে। নাগরিকদের ব্যক্তিগত ও পারিবারিক সুস্বাস্থ্য নিশ্চিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এ স্বাস্থ্য কেন্দ্রগুলো।

## মসিকের ২০২২-২০২৩ অর্থবছরে ৪৫২ কোটি টাকার বাজেট অনুমোদন




গত বাজেট সভায় ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ২০২২-২৩ অর্থবছরে ৪৫২ কোটি টাকার বাজেট অনুমোদন করা হয়েছে, যার রাজস্ব বাজেট ৯০ কোটি টাকা এবং উন্নয়ন বাজেট ৩৬২ কোটি টাকা। একই সঙ্গে এ সভায় ২০২১-২২ অর্থবছরের ২৩৫ কোটি ২৪ লক্ষ টাকার সংশোধিত বাজেট অনুমোদন করা হয়।

১ সেপ্টেম্বর বৃহস্পতিবার বেলা ০২ টায় শহীদ শাহাবুদ্দিন মিলনায়তনে মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটুর সভাপতিত্বে বাজেট সভায় এ অনুমোদন প্রদান করা হয়। এছাড়া, বাজেট সভার পূর্বে এদিন বেলা ১১টায় মেয়রের সভাপতিত্বে মসিকের ১৮তম কর্পোরেশন সভা অনুষ্ঠিত হয়।

সভায় মেয়র বলেন, কোভিড-১৯ ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে সৃষ্ট পরিস্থিতিতে উন্নয়ন কার্যক্রম ব্যাহত হয়েছে। এ সংকটকে মোকাবেলা করেই আমরা সামনে এগিয়ে যাওয়ার চেষ্টা করছি। সিটির প্রাপ্তবয়স্ক প্রায় ৮৫ ভাগ মানুষকে কোভিড-১৯ টিকা দেওয়া হয়েছে। অঞ্চল প্রতিষ্ঠার মাধ্যমে সিটির সেবাকে নাগরিকদের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার চেষ্টা করা হয়েছে।

এ অর্থবছরে সাধারণ সংস্থাপন ব্যয় ২৪ কোটি টাকা, শিক্ষা-সংস্কৃতি, খেলাধুলা ও সমাজকল্যাণ খাতে ৪ কোটি ২৬ লক্ষ টাকা, স্বাস্থ্য খাতে ২ কোটি ৯৫ লক্ষ টাকা, বর্জ্য ব্যবস্থাপনা খাতে ১৪ কোটি ৪০ লক্ষ টাকা, উন্নয়ন খাতে ২১ কোটি টাকা, পরিবহন খাতে ৭ কোটি ৮০ লক্ষ টাকা, নগর পরিকল্পনা খাতে ২ কোটি টাকা এবং বিবিধ খাতে ৫ কোটি ৪৫ লক্ষ টাকার প্রস্তাবিত বাজেট অনুমোদন করা হয়েছে।

সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী, বাজেট প্রণয়ন কমিটির আহবায়ক ৭নং ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র-১ মোঃ আসিফ হোসেন ডন সহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ, কাউন্সিলরবৃন্দ এবং সিটি কর্পোরেশনের অন্যান্য বিভাগ ও শাখা প্রধানগণ উপস্থিত ছিলেন।



## জাতীয় শোক দিবসে নানা কর্মসূচির মধ্য দিয়ে জাতির পিতাকে স্মরণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহামনের ৪৭ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষ্যে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, গণভোজ, ফ্রি চিকিৎসা সেবা প্রদান, দোয়া ইত্যাদি কর্মসূচির আয়োজন করে ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

১৫ আগস্ট সকাল ০৯ টায় মেয়র মোঃ ইকরামুল হক টিটু প্যানেল মেয়র, কাউন্সিলর, কর্মকর্তা-কর্মচারিদের নিয়ে সার্কিট হাউজ প্রাঙ্গণে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। পরবর্তীতে জয়বাংলা চত্বরে জাতির পিতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

বেলা ১১ টায় সিটি কর্পোরেশন প্রাঙ্গণে গরীব অসহায় মানুষদের মাঝে খাবার বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন মেয়র।

এ সময় প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী, প্যানেল মেয়র ০২ মোঃ মাহবুবুর রহমান, অন্যান্য কাউন্সিলরবৃন্দ, সিটি কর্পোরেশনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্মচারীবৃন্দ প্রমুখ উপস্থিত ছিলেন।

দিবস উপলক্ষে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের নগর মাতৃসদন ও তিনটি স্বাস্থ্য সেবা কেন্দ্রের চিকিৎসকগণ দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান করেন। বিনামূল্যে বিভিন্ন স্বাস্থ্য পরীক্ষা ও ঔষধ প্রদানও করা হয়। এছাড়াও, মাননীয় মেয়র জাতীয় শোকদিবস উপলক্ষে দিনব্যাপী বাংলাদেশ আওয়ামী লীগ এবং এর বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের কার্যক্রমে অংশগ্রহণ করেন।

## প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে ময়মনসিংহ সিটি কর্পোরেশন

প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটুর নেতৃত্বে আর্থসামাজিক ও অবকাঠামো উন্নয়নে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়িত হয়েছে।

### আর্থসামাজিক কাজের অগ্রগতি ২০১৮-২০২২

- শিক্ষানবিশ সহায়তার আওতায় ১১৯২ জনকে মোট ১,২৩,১৭,১৫০/- টাকা ব্যয়ের মাধ্যমে বিউটি পার্লার, কম্পিউটার, ড্রাইভিং, মোবাইল সার্ভিসিং, সেলাই-বুটিক বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে।
- ব্যবসা সহায়তার আওতায় ২৬১৯ জনকে মোট ৪,৬৯,৭২,০০০/- টাকা ব্যয়ের মাধ্যমে মুদি দোকান, চায়ের দোকান, খাবার হোটেল, লাকরি, মাছ, সবজি, মুরগী, কাগজের ঠোঙ্গা প্রভৃতি ক্ষুদ্র ব্যবসার জন্য ১০,০০০,০০ টাকা করে দেয়া হয়েছে।
- শিক্ষা সহায়তার আওতায় বাল্য বিবাহ রোধকল্পে বর্তমানে ৮ম-১০ম শ্রেণির ছাত্রীদের ৯,০০০/- টাকা করে দেয়া হয়েছে। ২০১৮ ও ২০২০ সালে ১ম-৪র্থ শ্রেণির শিক্ষার্থীদেরকে ৩৬,০০/- এবং ৫ম-৭ম শ্রেণির শিক্ষার্থীদের ৪৮০০/- করে এবং ৮ম-১০ শ্রেণির ছাত্রীদেরকে ৯০০০/- টাকা করে দেয়া হয়। এ পর্যন্ত ২৫৭৬ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ১,৪৭,৪৭,৬৭০/- টাকা প্রদান করা হয়েছে ২০২২ সালের জন্য ৯৮ জনকে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে।
- পুষ্টি সহায়তার আওতায় ১৪৪৬ জন উপকাভোগীকে মোট ১৭২২৯ টি ফুড বাস্কেট দেয়া হয়েছে এবং মোট টাকা ব্যয় হয়েছে ১,০৫,৪৯,০১৩/-। এতে ২০০ জন মাকে ফুড বাস্কেট প্রদান করা হয়েছে। প্রতিটি ফুড বাস্কেটে দেওয়া হয়েছে ৪৫০ টাকার সমমানের পণ্য মায়েদেরকে স্বাস্থ্য ও পুষ্টি পরামর্শও দেয়া হচ্ছে।
- কিশোরী স্বাস্থ্য সহায়তার আওতায় ৩১২ জন কিশোরীকে স্বাস্থ্য-পুষ্টি পরামর্শ ও পুষ্টি উপকরণ দেয়া হচ্ছে। অন্যান্য উপকরণ যেমন- ন্যাপকিন-মাসে ১ প্যাকেট, আয়রন স্যানিটারি ট্যাবলেট-মাসে ৫টি সহ সাবান মাসে ১টি, পেন্টি বছরে ৪টি, নেইল কাটার, প্লাস্টিক বাক্স দেওয়া হয়। এর বরাদ্দকৃত বাজেট ৭,৩২,০০০/- টাকা।
- আর্থসামাজিক উন্নয়ন এবং স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতা বৃদ্ধিতে আন্তর্জাতিক নারীদিবস, জাতীয় পুষ্টি সপ্তাহ, বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ, বিশ্ব হাত ধোয়া দিবস, প্রতিবন্ধী দিবস উদযাপন করা হয়।

### প্রকল্প বিষয়ক প্রাথমিক তথ্যাবলি

| প্রকল্পের নাম | প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প |
|---|---|
| প্রকল্পের মোট ওয়ার্ড | ৩৩টি |
| প্রকল্প বাস্তবায়ন কমিটি | ৩৩টি |
| সিটি স্টিয়ারিং কমিটি | ০১টি |
| প্রকল্প সহায়তাপুষ্ট স্থায়ী কমিটি | ০৩টি |
| প্রাথমিক দল | ১৮২৫টি |
| সিডিসি | ১৭৮টি |
| সিডিসি ক্লাস্টার | ১৮টি |
| সিডিসি টাউন ফেডারেশন | ০১টি |
| প্রকল্প আওতাভুক্ত পরিবার | ৩৪,৮৮০টি |
| সঞ্চয়ভুক্ত প্রাথমিক দল | ১৪৩৬ টি |
| মোট সঞ্চয় | ৪,৯৭,৪৯,৬১৭ টাকা |
| মোট ঋণের পরিমাণ | ১৩,১৪,২৬,৭৭৭ টাকা |

### অবকাঠামোগত কাজের অগ্রগতি ২০১৮-২০২২

- এস আই এফ তহবিলের আওতায় ১১৩ টি চুক্তির মাধ্যমে মোট ৬ কোটি ৮৪ লক্ষ ৫০ হাজার ৮৫৭ টাকা খরচ করা হয়েছে এবং ২০২২ সালের ৪১ টি চুক্তির ২ কোটি ৮১ লক্ষ ১৪ হাজার ৪১৯ টাকা মাত্র টাকার কাজ চলমান।
- স্বাস্থ্যকর পয়ঃনিষ্কাশন ব্যবস্থায় ৫২৫টি ল্যাট্রিন তৈরি করা হয়েছে এবং ৭৫টি ল্যাট্রিন ও ০১ টি কমিউনিটি ল্যাট্রিনের কাজ চলমান।
- নিরাপদ পানি নিশ্চিতকল্পে প্লাটফরমসহ ৩৩২টি টিউবয়েল স্থাপন করা হয়েছে।
- দরিদ্র জনবসতির যাতায়াত সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ১২ কি.মি. ফুটপাত নির্মাণ করা হয়েছে এবং নির্মাণাধীন ৮.৪৩ কি.মি.।

ময়মনসিংহ সিটি কর্পোরেশন প্রকাশনা
১ম বর্ষ, ৩য় সংখ্যা, জুলাই-সেপ্টেম্বর ২০২২
বঙ্গাব্দ ১৪২৯, হিজরী ১৪৪৩

# মসিকের বিভিন্ন ওয়ার্ডে অবকাঠামো উন্নয়ন (জুলাই-সেপ্টেম্বর ২০২২)



গত ২৬ জুলাই বিকেল ৫ টায় ৭ ও ৮ নং ওয়ার্ডে প্রায় ২০ কোটি টাকা ব্যয়ে বিভিন্ন সড়ক ও ড্রেনের নির্মাণ কাজের উদ্বোধন করেছেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটু। এসময় ৪৩০ মিটার আরসিসি পাইপ ড্রেন, ১১৪৭ মিটার বিসি রোড, ৫৮২ মিটার আরসিসি রোড, ৬ কিলোমিটার আরসিসি ড্রেন এবং ৫২ মিটার সিসি রোড উদ্বোধন করা হয়।
উদ্বোধনকালে প্যানেল মেয়র-১ মোঃ আসিফ হোসেন ডন, ৭, ৮, ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর হামিদা পারভীন, প্রধান প্রকৌশলী মোঃ রফিকুল ইসলাম মিঞা প্রমুখ উপস্থিত ছিলেন।



গত ২৯ জুলাই বিকেল সাড়ে ৪টার দিকে শহরের একাধিক সড়ক ও ড্রেনের নির্মাণ কাজ উদ্বোধন করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মোঃ ইকরামুল হক টিটু। এসব কাজের মোট ব্যয় প্রায় ৬ কোটি টাকা। উদ্বোধনকৃত কাজগুলোর মধ্যে রয়েছে– ডি এন চক্রবর্তী রোডে আরসিসি ড্রেন নির্মাণ, ঈশান চক্রবর্তী রোড নির্মাণ এবং জিরো পয়েন্ট রাস্তা সংলগ্ন প্রতিমা বিসর্জন ঘাট আরসিসি রাস্তা নির্মাণ। উদ্বোধনকালে প্যানেল মেয়র-১ মোঃ আসিফ হোসেন ডন, ৮ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ ফারুক হাসান, ৭, ৮, ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর হামিদা পারভীন উপস্থিত ছিলেন।





গত ৪ আগস্ট বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে ২৭ নং ওয়ার্ডে সড়ক ও ড্রেন নির্মাণের ৪ টি কাজের উদ্বোধন করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মোঃ ইকরামুল হক টিটু। এসব নির্মাণ কাজের মোট ব্যয় প্রায় ০৭ কোটি টাকা।
উদ্বোধনকৃত কাজসমূহের মধ্যে রয়েছে– আকুয়া মঙ্গলবাড়ী রোড থেকে হাবুন ব্যাপারী মোড় পর্যন্ত সিসি রাস্তা ও ড্রেন, আকুয়া মোড়লপাড়া সচিবের বাড়ি হতে মান্নান নেতার খলা পর্যন্ত রাস্তা, এবং আকুয়া ইসলামী একাডেমি এন্ড কলেজ হতে আমজাদ বেপারীর বাড়ি ও ব্যাংকারের বাড়ি পর্যন্ত ড্রেন।
উদ্বোধনকালে ২৭ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ শামসুল হক লিটন, ২৫, ২৬, ২৭ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর আইরীন আক্তার উপস্থিত ছিলেন।



গত ৫ আগস্ট বেলা ১১ টায় ১৩ ও ১৬ নং ওয়ার্ডে ৭ কোটি টাকা ব্যয়ে ২ টি ফুটপাতসহ আরসিসি ড্রেনের নির্মাণ কাজ উদ্বোধন করেছেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মোঃ ইকরামুল হক টিটু। ফুটপাত ও ড্রেনের মোট দৈর্ঘ্য ২২০০ মিটার। উদ্বোধনকৃত কাজগুলো হলো– বদরের মোড় থেকে গার্লস ক্যাডেট কলেজ হয়ে চরপাড়া কালভার্ট পর্যন্ত এবং মিন্টু কলেজ থেকে ত্রিশাল বাসস্ট্যান্ড হয়ে পূরবী সিনেমা হল পর্যন্ত আরসিসি ড্রেনসহ ফুটপাত নির্মাণ। উদ্বোধনকালে ১৩ নং ওয়ার্ডের কাউন্সিলর দেলোয়ার হোসেন, ১৬ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ আব্দুল মান্নান এবং ১৩, ১৪, ১৫ নং ও ১৬, ১৭, ১৮ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর রোকেয়া হোসেন ও রোখসানা পারভীন কাজল উপস্থিত ছিলেন।



গত ৩০ আগস্ট বিকেল ০৪ টায় ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) এর ৬ নং ওয়ার্ডে প্রায় ২ কিলোমিটার আরসিসি ড্রেন ও আরসিসি সড়ক এর নির্মাণ কাজ উদ্বোধন করেছেন মেয়র মোঃ ইকরামুল হক টিটু। এসব কাজের মোট ব্যয় ৪ কোটি ৪৮ লাখ টাকা।
ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকার সড়ক ও ড্রেনেজ অবকাঠামোর নির্মাণ ও নাগরিক সেবা উন্নতকরণ প্রকল্পের আওতায় এ সময় উদ্বোধনকৃত কাজগুলো হলো– আকুয়া উত্তর পাড়া পারুলদের পল্লী হতে গোরস্থান পর্যন্ত, মেম্বার পল্লী থেকে নাসিরাবাদ কলেজ মাঠ পর্যন্ত, সেনবাড়ি বাইলেন আলতাফ মাওলানার বাড়ির পার্শ্ব পর্যন্ত, সেনবাড়ি বাইলেন নজরুল ভিলার সম্মুখ পর্যন্ত এবং মিলনবাগ এলাকার আরসিসি ড্রেনসহ আরসিসি সড়ক।
উদ্বোধনকালে ০৬ নং ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ শফিকুল ইসলাম মিন্টু, প্রধান প্রকৌশলী মোঃ রফিকুল ইসলাম মিঞা, জনসংযোগ কর্মকর্তা শেখ মহাবুল হোসেন রাজীব, নির্বাহী প্রকৌশলী মোঃ জহুরুল হক, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) মোঃ শফি কামাল প্রমুখ উপস্থিত ছিলেন।



গত ৩১ আগস্ট বুধবার বিকেল ০৪ টায় ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) এর ২৪ নং ওয়ার্ডে প্রায় ৪ কোটি টাকা ব্যয়ে কয়েকটি সড়কের নির্মাণ কাজ উদ্বোধন করেছেন মেয়র মোঃ ইকরামুল হক টিটু। এসব সড়কের মোট দৈর্ঘ্য প্রায় ২ কিলোমিটার।
ময়মনসিংহ সিটি কর্পোরেশন সড়ক উন্নয়ন, ড্রেনেজ নেটওয়ার্কসহ নাগরিকসেবা উন্নয়ন প্রকল্পের আওতায় উদ্বোধনকৃত সড়কসমূহ হলো- ছালাকান্দি শামসুন্নাহারের বাড়ি হতে জিএম এর বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা, বয়রা বসির মাস্টারের বাড়ি হতে ফজলুল হক ডিলারের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা এবং ফসিলের মোড় হতে পাগলা বাজার পর্যন্ত বিসি রাস্তা।
উদ্বোধনকালে ২৪ নং ওয়ার্ডের কাউন্সিলর আমিনুল ইসলাম সোহেল, ২২, ২৩, ২৪ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর শাহনাজ বেগম, প্রধান প্রকৌশলী মোঃ রফিকুল ইসলাম মিঞা, নির্বাহী প্রকৌশলী মোঃ জহুরুল হক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি খন্দকার তায়েফুর রহমান রিয়াদ, সাধারণ সম্পাদক মোঃ মেহেদী হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।



গত ১১ সেপ্টেম্বর ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ৩১ নং ওয়ার্ডের চর ভবানীপুর পাকাসড়ক থেকে চর গোবিন্দপুর প্রাইমারী স্কুল পর্যন্ত সড়ক এইচবিবি দ্বারা উন্নয়ন এর উদ্বোধন করেন মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটু। ৪৮০ মিটার এ সড়কের প্রাক্কলিত নির্মাণ ব্যায় ৪০ লক্ষ টাকা।
উদ্বোধনকালে ৩১ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ আসাদুজ্জামান, ৩১, ৩২, ৩৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর মোছাঃ ফারজানা ববি কাকলি, জনসংযোগ কর্মকর্তা শেখ মহাবুল হোসেন রাজীব, নির্বাহী প্রকৌশলী মোঃ জহুরুল হক, সহকারী প্রকৌশলী মোঃ আজহারুল হক, ময়মনসিংহ জেলা ছাত্রলীগের সভাপতি মোঃ আল আমিন, মহানগর যুবলীগের আহবায়ক মোঃ শাহিনুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

## সেবা সংক্রান্ত তথ্য

| জন্ম-মৃত্যু সনদ প্রদান : অঞ্চল-৩ | জন্ম-মৃত্যু সনদ প্রদান : অঞ্চল-২ | জন্ম-মৃত্যু সনদ প্রদান : অঞ্চল-১ | ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়ন |
|---|---|---|---|
| রাফিকুজ্জামান<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা<br>মোবাইল : ০১৭১৭ ৮৭৭ ৫৫২<br>ই-মেইল : zone3mcc@gmail.com | দীপায়ন দাস শুভ<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা<br>মোবাইল : ০১৭১১ ৩৩ ৩৩ ১২<br>ই-মেইল : zone2mcc@gmail.com | দীপক মজুমদার<br>খাদ্য ও স্যানিটেশন কর্মকর্তা<br>মোবাইল : ০১৭১৬ ২৩৭৮৭৩<br>ই-মেইল : fso.mcc2018@gmail.com | মোঃ জহুরুল হক<br>নির্বাহী প্রকৌশলী (সিভিল)<br>কক্ষ : ১৯<br>মোবাইল : ০১৭১১৪৪৬৩১৮ |
| **আবাসিক/ বণিজ্যিক পানি সরবরাহ সংযোগ** | **রোড রোলার ভাড়া প্রদান** | **বিভিন্ন প্রকার আবেদনপত্র গ্রহণ** | **লাইসেন্স নবায়ন (রিকশা, ভ্যান, ঠেলাগাড়ি, ইজিবাইক)** |
| মোঃ জিল্লুর রহমান<br>নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>কক্ষ : ১৫<br>মোবাইল : ০১৭১১৪৭৮৩৫১ | মোঃ শফি কামাল<br>নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)<br>কক্ষ : ২৩<br>মোবাইল নং : ০১৭১৬ ৬২৫০৬১ | মোঃ মাসুম মিয়া<br>অভ্যর্থনাকারী<br>কক্ষ : ০২<br>মোবাইল নং : ০১৭১১৩১৩২১৮ | ওয়ালিউল ইসলাম<br>প্রধান সহকারী<br>কক্ষ : ১২<br>মোবাইল : ০১৭২৫৭২১৫৭৭ |



## ১০ ভিক্ষুকের পুনর্বাসনে প্রধানমন্ত্রীর উপহার তুলে দিলেন মসিক মেয়র

ভিক্ষুকদের পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ময়মনসিংহ সিটি কর্পোরেশন ও ময়মনসিংহ শহর সমাজসেবা কার্যালয়ের যৌথ উদ্যোগে নগর ভবন প্রাঙ্গণে ১০ জন ভিক্ষুকের মাঝে রিকশা, গাভী, ছাগল, ক্ষুদ্র ব্যবসার জন্য ভ্যানসহ বিভিন্ন উপকরণ সামগ্রী বিতরণ করেন মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটু। সরকারের ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচির আওতায় ২৪ সেপ্টেম্বর বেলা সাড়ে ১২ টায় এসব বিতরণ করেন মাননীয় মেয়র।

পুনর্বাসন সামগ্রী গ্রহণকারী ভিক্ষুকগণ ময়মনসিংহ সিটি কর্পোরেশনের গোয়াইলকান্দী, কাঁচিঝুলি, বৈশাখাই, বাঁশবাড়ি কলোনি, সুতিয়াখালী, চরপাড়া বাইলেন, কালিবাড়ি ও খানাঘাট বালুচরের বাসিন্দা।

পুনর্বাসন সামগ্রী প্রদানকালে মসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী, ময়মনসিংহ সমাজসেবা কার্যালয়ের বিভাগীয় পরিচালক তাহমিনা আক্তার, জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক আব্দুল কাইয়ুম, মসিকের পরিবহন মহাব্যবস্থাপক শিউলি হরি, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা রাফিকুজ্জামান, ০৮ নং ওয়ার্ডের কাউন্সিলর ফারুক হাসান, ০৯ নং ওয়ার্ডের কাউন্সিলর শীতল সরকার, ৩০ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ আবুল বাশার সহ অন্যান্য কাউন্সিলরবৃন্দ, শহর সমাজসেবা কর্মকর্তা ফাতেমা তুজ জোহরা প্রমুখ উপস্থিত ছিলেন।

## ৫-১১ বছর বয়সী শিশুদের কোভিড-১৯ টিকাদান



গত ২৫ আগস্ট ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) এর আওতায় ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের কোভিড-১৯ টিকাদান কার্যক্রম শুরু হয়। সিটির ২৫০ এর অধিক শিক্ষা প্রতিষ্ঠানে এ কার্যক্রম শুরু হয় যা ০৭ সেপ্টেম্বর শেষ হয়। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত শিশু এবং টিকা কার্যক্রম থেকে বাদ পড়া শিশুদের জন্য পরবর্তীতে ওয়ার্ড পর্যায়ে আরও দুই দিন এ কার্যক্রম পরিচালনা করা হয়।

৫ থেকে ১১ বছর বয়সী প্রায় ৬২ হাজার শিশুকে কোভিড-১৯ টিকাদান করা হয়। মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটুর নির্দেশনায় স্বাস্থ্য বিভাগ ও শিক্ষা বিভাগের সহযোগিতায় এ কার্যক্রম বাস্তবায়ন করছে ময়মনসিংহ সিটি কর্পোরেশন। এছাড়াও গত ১৯ জুলাই কোভিড-১৯ বুস্টার ডোজ দিবস উপলক্ষে সারা দেশের মত ময়মনসিংহ সিটি কর্পোরেশনও বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে।

## ২০২১-২০২২ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার পেলেন যাঁরা

২০২১-২০২২ অর্থবছরের বিভিন্ন কার্যক্রমের জন্য ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা বিভাগকে, সমাজকল্যাণ কর্মকর্তা উম্মে হালিমা, এসেসর এম এ হান্নান এবং টিকাদানকারী মোঃ শহীদুল করিম কে শুদ্ধাচার পুরস্কারে ভূষিত করা হয়।

১ সেপ্টেম্বর অনুষ্ঠিত কর্পোরেশন সভায় পুরস্কারপ্রাপ্তদের শুভেচ্ছাস্মারক ও সার্টিফিকেট তুলে দেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটু।



## ২৯৬ জনকে সহায়তা ভাতা দিয়েছেন মসিক মেয়র

ব্যবসা শুরুর জন্য ১৯৮ জন নারীকে ১০ হাজার টাকা করে এবং শিক্ষা সহায়তা বাবদ ৯৮ জন শিক্ষার্থীকে ৯ হাজার টাকা করে সহায়তার চেক বিতরণ করেছেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মোঃ ইকরামুল হক টিটু।

২৪ সেপ্টেম্বর বেলা সাড়ে ১০ টায় শহীদ শাহাবুদ্দিন মিলনায়তনে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডের নারী ও শিক্ষার্থীদের এ সহায়তা প্রদান করেন মেয়র।

এসব ভাতার মাধ্যমে প্রাপ্ত অর্থের যথাযথ ব্যবহারের প্রতি গুরুত্বারোপ করেন মাননীয় মেয়র। তিনি বলেন, আমরা আপনাদের পাশে আছি। উন্নয়নে নিজের প্রচেষ্টাকেও জোরদার করতে হবে। সরকার প্রদত্ত এ অর্থের যেন যথাযথ ব্যবহার হয় তা নিশ্চিত করতে হবে।

মসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে ৩০ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ আবুল বাশার, দারিদ্র বিমোচন সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি ও ১৩, ১৪, ১৫ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর রোকেয়া হোসেন, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের টাউন ম্যানেজার আবু হেনা মোঃ মাজহারুল ইসলাম, মসিকের সমাজসেবা কর্মকর্তা উম্মে হালিমা প্রমুখ উপস্থিত ছিলেন।



গত ০৩ আগস্ট বেলা ১১ টায় শহীদ শাহাবুদ্দিন মিলনায়তনে সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্রের কর্মপরিকল্পনা গ্রহণ ও ডাব্লিউএলসিসি ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। ময়মনসিংহ সিটি কর্পোরেশনের আয়োজনে স্থানীয় সরকার বিভাগের স্ট্রেংদেনিং ক্যাপাসিটি অব সিটি কর্পোরেশন প্রকল্পের সহযোগিতায় আয়োজিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটু। সভাপতিত্ব করেন মসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী।

## শারদীয় দুর্গোৎসব উদযাপনে সার্বিক সহযোগিতা

অন্যান্য বছরের মত ২০২২-এ শারদীয় দুর্গোৎসব উদযাপনে সার্বিক সহযোগিতা করেছে ময়মনসিংহ সিটি কর্পোরেশন। এ উপলক্ষ্যে ২০ সেপ্টেম্বর বিকেল ০৪ টায় শহীদ শাহাবুদ্দিন মিলনায়তনে ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) এর ময়মনসিংহ জেলা ও মহানগরের পূজা উদযাপন সংক্রান্ত বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ এবং পূজা মন্ডপের আয়োজক কমিটির নেতৃবৃন্দের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। দুর্গা পূজা সুষ্ঠু উদযাপনের লক্ষ্যে সভার সভাপতি মসিক মেয়র মোঃ ইকরামুল হক টিটু নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করেন।

মাননীয় মেয়রের নির্দেশনায় প্রতিটি মন্ডপে নূন্যতম ৫ হাজার টাকা, বর্জ্য ব্যবস্থাপনা, ব্লিচিং পাওডার সরবরাহ ইত্যাদি নিশ্চিত করা হয়। এছাড়া, মন্ডপের আলোকিতকরণে সহযোগিতা, সড়ক উন্নয়ন এবং সড়কবাতির ব্যবস্থাও করা হয়। কাউন্সিলরবৃন্দের সহযোগিতায় প্রধান নির্বাহী কর্মকর্তার তত্ত্বাবধানে সিটি কর্পোরেশনের কর্মকর্তা কর্মচারিগণ প্রতিটি মন্ডপ পরিদর্শন করে।

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে কাচারিঘাটে স্থাপিত বিসর্জনঘাটে মাটি ভরাটের মাধ্যমে বিসর্জনে আসা যানবাহনের চলাচল উপযোগী করা, আলোকবাতি, সিকিউরিটি ক্যামেরা, মেডিকেল বুথ ইত্যাদি ব্যবস্থা গ্রহণ করা হয়।

## অবৈধ দেয়াল ভেঙে দিয়েছে ভ্রাম্যমাণ আদালত



অনুমোদিত নকশা মোতাবেক ভবন নির্মাণ না করলে তা ভেঙে দিচ্ছে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ভ্রাম্যমাণ আদালত। গত ৩০ আগস্ট সানকিপাড়া মাদারগঞ্জ কলোনিতে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ড্রেনের উপর অবৈধভাবে নির্মিত দেয়াল ভেঙে দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ মাসুদ রানা।

## ঘোষণা

**স্কুল ড্রেস পরিহিত অবস্থায় জয়নুল আবেদিন পার্কে প্রবেশ নিষিদ্ধ**

**জয়নুল আবেদিন পার্কের অভ্যন্তরে মোটরসাইকেল চালানো নিষিদ্ধ**

## প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে

(প্রথম পৃষ্ঠার পর)

- দরিদ্র জনবসতীর যাতায়াত সুবিধার লক্ষ্যে ৯ কি.মি. স্লাব সহ ড্রেন নির্মাণ করা হয়েছে এবং ১.৮৮ কি.মি. নির্মাণাধীন।
- শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি ও রাতে চলাচলের সুবিধায় ৫২টি লাইট পোস্ট স্থাপন করা হয়েছে।
- বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়নে ০৬টি সেপটিক ট্যাংক নির্মাণ করা হয়েছে এবং ১০টি নির্মাণাধীন।
- নদী পাড়ে বসবাসকারীদের উঠা নামার সুবিধার্থে ০৭টি সিঁড়ি নির্মাণ ও ০৪টি বাথরুমের কাজ চলমান।
- পুকুর পাড়ে রাস্তার ভাঙন রোধে ৩৯ মিটার প্যালাসাইডিং এর কাজ নির্মাণাধীন।
- **কোভিড-১৯ দুর্যোগ মোকাবেলায়**
  - ৯৪টি হাত ধোয়ার কেন্দ্র স্থাপন করা হয়।
  - ১৯২০০ পরিবারকে ৫টি করে মোট ৯৬০০০ সাবান বিতরণ করা হয়।
  - ৪৭৫২ পরিবারকে ১ম বারে ১৫০০ টাকা করে মোট ৭,১২৮,০০০.০০ টাকা প্রদান করা হয়।
  - ১৫০০ পরিবারকে ২য় বারে ২০০০ টাকা করে মোট ৩,০০০,০০০.০০ টাকা প্রদান করা হয়।
  - এছাড়া কেবল টিভি, উঠান বৈঠক, ফেস্টুন, মাইকিং এর মাধ্যমে জনগণকে সচেতনতার কাজ করা হয়।

আদর্শ ও পরিকল্পিত ময়মনসিংহ নগর বিনির্মাণে সেতুবন্ধ
নগরবার্তা
ময়মনসিংহ সিটি কর্পোরেশন প্রকাশনা
১ম বর্ষ, ৩য় সংখ্যা, জুলাই-সেপ্টেম্বর ২০২২
বঙ্গাব্দ ১৪২৯, হিজরী ১৪৪৩



## নগরী এখন আরও আলোকিত

টেকসই নগর উন্নয়নের অন্যতম পূর্বশর্ত সড়কবাতি, আর তা নিশ্চিত করতে দ্রুতগতিতে কাজ করে যাচ্ছে ময়মনসিংহ সিটি কর্পোরেশন। সড়কবাতি স্থাপনে চলমান রয়েছে ৪৯ কোটি টাকার প্রকল্প, এর আওতায় ৩৩ টি ওয়ার্ডের ১৭১ কিলোমিটার সড়কে স্থাপন করা হচ্ছে এলইডি বা সি এফ এল বাতি, সোলার লাইট এবং জি আই পোল।

এর ফলে সড়কে আলো যেমন নিশ্চিত হচ্ছে তেমন বৃদ্ধি পাচ্ছে রাত্রিকালীন চলাফেরায় মানুষের স্বাচ্ছন্দ এবং কমে আসছে সড়কে রাত্রীকালীন অপরাধ।

ময়মনসিংহ সড়ক আলোকিতকরণ প্রকল্পে ইউরোপিয়ান স্ট্যান্ডার্ড ৬ হাজার ৬৭৩ টি বাতিসহ ৩০ ফুট উঁচু জিআই পোল, ৩৬৬ টি সোলার স্ট্রিট লাইট স্থাপনের কাজ ৮০ ভাগ সম্পন্ন হয়েছে। এছাড়া আলোক সরবরাহে সিটি কর্পোরেশনের সক্ষমতা বাড়াতে ১ টি হাইড্রলিক এস্কাভেটর এবং ১ টি বুম লিফটার ক্রয় করা হয়েছে।

এ প্রকল্পের আওতায় জয়নুল আবেদীন পার্ক, শম্ভুগঞ্জ ব্রীজ সহ বিভিন্ন স্থানে আধুনিক এলইডি সড়কবাতি স্থাপনে ফলে সড়কে আলোক এবং নান্দনিকতার যে পরিবর্তন এসেছে তা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে।

নগরীর গুরুত্বপূর্ণ সড়ক যেমন গাঙ্গিনারপাড়, নতুন বাজার, চরপাড়া ইত্যাদি এলাকার সড়কে স্থাপন করা হয়েছে পোলসহ নৌকাকৃতির সড়কবাতি।

ইতোমধ্যে কাচারি জামে মসজিদ থেকে আমপট্টি, দুর্গাবাড়ি রোড, আমলাপাড়া রোড, মৃত্যুঞ্জয় স্কুল রোড, হরিকিশোর রায় রোড, বড়বাজার, ছোট বাজার, স্বদেশী বাজার এবং কালীবাড়ি মরহুম ফজলে হক সড়ক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে জিরো পয়েন্ট, বাঘমারা মোড় থেকে কেওয়াটখালী, শম্ভুগঞ্জ ইত্যাদির এলাকার এলইডি বাতি উদ্বোধন করেছেন মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটু।



গত ১২ সেপ্টেম্বর ২০২২ বাংলাদেশ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও রাজশাহী সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন-এর সাথে তার বাসভবনে সৌজন্য সাক্ষাৎ করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটু। এ সময় তিনি সিটি কর্পোরেশনের উন্নয়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা করেন।



## সামাজিক সুরক্ষা কর্মসূচীর আওতায়
## ৫ হাজার নাগরিকের মাঝে বয়স্কভাতার কার্ড বিতরণ করেছেন মসিক মেয়র

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ইতিহাসে সর্বাধিক পরিমাণ বয়স্ক ভাতার কার্ড বিতরণ করেছেন মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটু। ১১ সেপ্টেম্বর বেলা ১১ টায় এডভোকেট তারেক স্মৃতি মিলনায়তনে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ২০২১-২২ অর্থবছরে বিশেষ বরাদ্দপ্রাপ্ত ৫ হাজার বয়স্ক ভাতাভোগীদের মাঝে কার্ড বিতরণ করেন মাননীয় মেয়র।

এ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় মেয়র বলেন, গত অর্থবছরের পূর্ব পর্যন্ত এ যাবৎকালে ময়মনসিংহ সিটি কর্পোরেশনে বয়স্কভাতার কার্ডধারী মোট নাগরিক ছিলেন ৭ হাজার ৭৩০ জন। কিন্তু গত অর্থবছরেই মাননীয় প্রধানমন্ত্রী বিশেষ বরাদ্দের মাধ্যমে ময়মনসিংহ সিটিবাসীর দাবী পূরণ করে ৫ হাজার বয়স্কভাতার কার্ড দিয়েছেন। আমরা প্রধানমন্ত্রীর বদান্যতায় কৃতজ্ঞ। এতে সিটি কর্পোরেশন এর প্রায় ৯৫ ভাগ ভাতা পাওয়ার যোগ্য বয়স্ক নাগরিককে ভাতার আওতায় আনা সম্ভব হয়েছে।

প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে ময়মনসিংহ সমাজসেবা অধিদপ্তরের বিভাগীয় উপপরিচালক তাহমিনা আক্তার, প্যানেল মেয়র ০৩ সামীমা আক্তার, মসিকের সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও ৯ নং ওয়ার্ডের কাউন্সিলর শীতল সরকার সহ অন্যান্য কাউন্সিলরবৃন্দ বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা শিউলী হরি এবং অনুষ্ঠানে উপস্থাপনা করেন সমাজকল্যাণ কর্মকর্তা উম্মে হালিমা।



## ১০০ অসচ্ছল নারীকে সেলাই মেশিন প্রদান

বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেসা মুজিব এঁর ৯২ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ১০০ অস্বচ্ছল নারীর হাতে সেলাই মেশিন তুলে দিয়েছেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মোঃ ইকরামুল হক টিটু।

৮ আগস্ট বিকেল সাড়ে ৪ টায় শহীদ শাহাবুদ্দিন মিলনায়তনে ময়মনসিংহ সিটি কর্পোরেশন আয়োজিত এক অনুষ্ঠানে ময়নসিংহ জেলা প্রশাসন ও ময়মনসিংহ জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সহযোগিতায় ৩০ টি সেলাই মেশিন এবং পরবর্তীতে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের পক্ষ থেকে আরও ৭০ টি সেলাই মেশিন প্রদান করা হয়।

সেলাই মেশিন প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটু বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর নারীদের উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন। তার নেতৃত্বে সকল ক্ষেত্রে নারীরা কর্মক্ষেত্রে সফল হচ্ছে। এর ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে আজ দেশব্যাপী অসংখ্য অসচ্ছল নারীকে সেলাই মেশিন দেওয়া হচ্ছে। এ উপহার তখন আরও তাৎপর্যপূর্ণ হয়ে উঠবে যখন এ সেলাই মেশিনগুলো ব্যবহার করে সবাই স্বাবলম্বী হয়ে উঠবে।

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্যানেল মেয়র ০৩ সামীমা আক্তার, সংরক্ষিত আসনের কাউন্সিলর শাহনাজ বেগম, প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা অন্নপূর্ণা দেবনাথ, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. এইচ কে দেবনাথসহ অন্যান্য বিভাগ ও শাখা প্রধানগণ, নারী নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

## জয়নুল আবেদীন পার্কে অবৈধ ২০০ দোকান উচ্ছেদ

জননিরাপত্তা ও জনস্বাচ্ছন্দ্য নিশ্চিতে জয়নুল আবেদীন পার্কে অবৈধভাবে গড়ে ওঠা প্রায় ২০০ অস্থায়ী দোকান উচ্ছেদ করে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ভ্রাম্যমাণ আদালত। গত ৪ সেপ্টেম্বর ২০২২ দুপুরে পরিচালিত এ অভিযান পরিচালনা করেন প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ আরিফুর রহমান ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ মাসুদ রানা।






নির্দেশনা : মোঃ ইকরামুল হক টিটু, মাননীয় মেয়র ॥ তত্ত্বাবধানে : মোঃ ইউসুফ আলী, প্রধান নির্বাহী কর্মকর্তা ॥ সম্পাদক : শেখ মহাবুল হোসেন রাজীব, জনসংযোগ কর্মকর্তা ॥
প্রকাশক : জনসংযোগ শাখা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন ॥ যোগাযোগ : ফোন : ০২৯৯৬৬৬৩৫২৬ ॥ e-mail : pro.2018mcc@gmail.com
মুদ্রণ : সবুজ প্রাঙ্গণ, ৯ আমপট্টি রোড, ময়মনসিংহ। মোবাইল : ০১৭৭৭ ৫৩২ ১৪৪